

নম্বর- ০৫.৩০.৩৫৫৮.০০১.৩৩.০০৫.২৩ - ৭২

তারিখ : ২৩ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ  
০৬ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুকসুদপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের দোতলায় ০৬ টি ও নিচতলায় ০৬ টি দোকান প্রকৃত ব্যবসায়ীদের মধ্যে অস্থায়ীভাবে বরাদ্দ প্রদান করা হবে। তৃতীয় তলা সংরক্ষিত থাকবে। দোকান অস্থায়ীভাবে বরাদ্দের আবেদন ফরম জেলা প্রশাসক, গোপালগঞ্জ মহোদয়ের কার্যালয়/ সহকারী কমিশনার(ভূমি), মুকসুদপুর এর কার্যালয়/ উপজেলা প্রকৌশলী, মুকসুদপুর এর কার্যালয়/উপজেলা সমাজ সেবা অফিসার, মুকসুদপুর এর কার্যালয় ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। প্রতিটি আবেদন ফরমের মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র। আবেদনপত্র আগামী ২২ ফেব্রুয়ারি, ২০২৩ অফিস চলাকালীন সময় পর্যন্ত সংগ্রহ করা যাবে। গ্রহনকৃত আবেদনপত্র আগামী ২৩ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন ফরম গ্রহণ করা হবেনা।

বিস্তারিত তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

### শর্তাবলী

- ০১। বানিজ্যিককাজে ব্যবহারের জন্য ১ম তলার প্রতিটি দোকানের ভাড়া মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা, অগ্রিম ১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং ২য় তলার ভাড়া মাসিক ১,৫০০/- (একহাজার পাঁচশত) টাকা, অগ্রিম ১,০০,০০০/- (একলক্ষ) টাকা নির্ধারণ করা হলো।
- ০২। আবেদনপত্রে কোন তলার দোকান বরাদ্দ নিতে ইচ্ছুক তা জানাতে হবে এবং আবেদনপত্রের সাথে অগ্রিম হিসেবে ধার্যকৃত টাকা যে কোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নিবাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ এর নামে ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে। অগ্রিমের ব্যাংক ড্রাফট ছাড়া কোন আবেদন গ্রহণ করা হবেনা।
- ০৩। দোকানের সকল ধরনের ইউটিলিটি বিল (পানি, বিদ্যুৎ ও অন্যান্য) সংশ্লিষ্ট দোকান বরাদ্দ গ্রহণকারী পরিশোধ করবেন।
- ০৪। দোকান বরাদ্দ প্রতিযোগিতামূলকভাবে নির্ধারণ করা হবে। কোন অবস্থাতেই ভাড়াটিয়া নির্ধারিত বাণিজ্যিক কাজের বাইরে এ দোকান ব্যবহার করতে পারবেন না এবং ভাড়াকৃত দোকান অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর করতে পারবেন না বা পুনঃ বরাদ্দ/ভাড়া (সাবলেট) প্রদান করতে পারবেন না।
- ০৫। দোকানের দখল গ্রহণের পূর্বে সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- ০৬। দোকান বরাদ্দ প্রদানের ক্ষেত্রে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।



এস.এম. ইমাম রাজী টুল  
উপজেলা নিবাহী অফিসার  
মুকসুদপুর, গোপালগঞ্জ

ফোন নং- ০২-৪৭৮৮২২৭২৯


[unomaksudpur@mopa.gov.bd](mailto:unomaksudpur@mopa.gov.bd)

নম্বর- ০৫.৩০.৩৫৫৮.০০১.৩৩.০০৫.২৩ -৭২(২৫)

তারিখ : ২৩ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ  
০৬ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/ অবগতিও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ ।
- ০২। সাবেক জেলা কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, গোপালগঞ্জ ।
- ০৩। সাবেক উপজেলা কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, মুকসুদপুর, গোপালগঞ্জ ।
- ০৪। সহকারী কমিশনার(ভূমি)/উপজেলা প্রকৌশলী/উপজেলা সমাজ সেবা অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ ।
- ০৫। চেয়ারম্যান,.....( সকল) ইউপি, মুকসুদপুর, গোপালগঞ্জ ।
- ০৬। নোটিশ বোর্ড ।

  
মোঃ মোশারফ হোসেন  
উপজেলা সমাজ সেবা অফিসার  
মুকসুদপুর, গোপালগঞ্জ